# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা, চট্টগ্রাম

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮


**তারিখ:**০৪.০৩.২০২৬

প্রেস বিজ্ঞপ্তি

## জেএমসেন হলে শ্রীমন মহাপ্রভুর আবির্ভাব উৎসবে ডা. শাহাদাত হোসেন চট্টগ্রাম সম্প্রীতি এবং নিরাপত্তার এক উজ্জ্বল দৃষ্টান্ত



চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন বলেছেন, চট্টগ্রাম শান্তি, সম্প্রীতি এবং নিরাপত্তার এক উজ্জ্বল দৃষ্টান্ত। চট্টগ্রামের মাটি ও মানুষ ঐতিহাসিকভাবেই সাম্প্রদায়িক সম্প্রীতির ধারক ও বাহক। সেই ঐতিহ্যকে পাথেয় করে এই শহরকে একটি 'ক্লিন, গ্রিন, হেলদি, সেফ ও স্মার্ট' সিটি হিসেবে গড়ে তুলতে আমরা নিরলস কাজ করে যাচ্ছি।মেয়র হিসেবে শপথ গ্রহণের সময় আমি যে অঙ্গীকার করেছিলাম, তা বাস্তবায়নে কাজ করে যাচ্ছি। গত ১৬ মাসে আমরা অন্তত একটি বিষয় নিশ্চিত করতে পেরেছি, নগরীতে কোনো সাম্প্রদায়িক দাঙ্গা বা বড় ধরনের সংঘর্ষ ঘটেনি। সব ধর্মের মানুষ যেন নিরাপদ ও উৎসবমুখর পরিবেশে বসবাস করতে পারেন, সেই শান্তিপূর্ণ পরিবেশ আমরা ধরে রাখতে সক্ষম হয়েছি। বুধবার (৪ ফেব্রুয়ারী) দুপুরে নগরীর রহমতগঞ্জস্থ জেএমসেন হল প্রাঙ্গণে শ্রীমন মহাপ্রভুর আবির্ভাব উৎসব উপলক্ষে পাঁচ দিনব্যাপী সন্মিলন উৎসবের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, একটি শহরকে নিরাপদ রাখতে হলে তাকে উৎসবমুখর রাখতে হবে। সম্প্রতি দোল উৎসব উপলক্ষে মিউনিসিপ্যাল মডেল হাই স্কুলের মাঠ উন্মুক্ত করে দেওয়ার প্রসঙ্গ টেনে তিনি বলেন, উৎসবের মাধ্যমে তরুণ প্রজন্মের মাঝে সামাজিক বন্ধন আরও দৃঢ় হয়।মেয়র বলেন, গণতান্ত্রিক অধিকার ও ভোটের অধিকার রক্ষায় এ দেশের মানুষকে দীর্ঘ সময় সংগ্রাম করতে হয়েছে। চট্টগ্রামকে আমরা এমন এক নিরাপদ শহর হিসেবে দেখতে চাই, যেখানে প্রতিটি মানুষ নিজের ধর্মীয় ও নাগরিক অধিকার নিয়ে মাথা উঁচু করে বাঁচতে পারবে। তিনি সকল নাগরিকের সাংবিধানিক অধিকার প্রতিষ্ঠায় সচেতন থাকার আহ্বান জানান। শ্রীমন মহাপ্রভুর আবির্ভাব উদযাপন পরিষদের সভাপতি সুজিত কুমার বিশ্বাসের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক প্রকৌশলী রাজীব দাশের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম-৯ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ আবু সুফিয়ান, চট্টগ্রামে নিযুক্ত ভারতীয় সহকারী হাই কমিশনার ড. রাজীব রঞ্জন, বাংলাদেশ সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী অ্যাডভোকেট সুব্রত চৌধুরী, ফরিদপুর মহানাম মঠের অধ্যক্ষ ড. নিকুঞ্জ বন্ধু ব্রম্মচারী, পাঁচুরিয়া তপোবন আশ্রমের অধ্যক্ষ শ্রীমৎ স্বামী রবিশ্বরানন্দ পুরী, ঢাকা ছায়ানটের শিক্ষক শ্রী বিজন চন্দ্র মিস্ত্রি সহ দেশ বিদেশের বিশিষ্ট অতিথি ও ধর্মতত্ত্ববিদগণ।

কাট্টলী সার্বজনীন মহাতীর্থ বারুণী স্নান উৎসব উপলক্ষে মেয়রের সাথে সাক্ষাৎ ও দাওয়াত প্রদান

কাট্টলী সার্বজনীন মহাতীর্থ বারুণী স্নান উৎসব-২০২৬ উদ্‌যাপন উপলক্ষে গঙ্গা আহ্বান, গঙ্গা পূজা, বৈষ্ণব সেবা, ঋষি সমাবেশ, শ্রীমদ্ভগবদ্গীতা পাঠ ও মহাপ্রসাদ আস্বাদন কর্মসূচি ঘোষণা করা হয়েছে। এ উপলক্ষে বুধবার আয়োজকরা চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেনের সাথে সৌজন্য সাক্ষাৎ করে আনুষ্ঠানিক দাওয়াত প্রদান করেন। আয়োজক কমিটির পক্ষ থেকে জানানো হয়, আগামী ১৬ ও ১৭ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ, সোমবার ও মঙ্গলবার দুই দিনব্যাপী এই ধর্মীয় উৎসব অনুষ্ঠিত হবে। উৎসবের সকল আয়োজন সম্পন্ন হবে কাট্টলী সার্বজনীন মহাতীর্থ বারুণী স্নানঘাট প্রাঙ্গণে, যা রাণী রাসমণি বারুণী স্নানঘাট নামে পরিচিত। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন এবং মহান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চট্টগ্রাম-১০ সংসদীয় আসনের মাননীয় সংসদ সদস্য সাঈদ আল নোমান। উৎসবের সার্বিক তত্ত্বাবধানে রয়েছে কাট্টলী সার্বজনীন মহাতীর্থ বারুণী স্নান পরিচালনা পরিষদ-২০২৬ খ্রিঃ। পরিষদের সভাপতি শ্রী সদানন্দ ভট্টাচার্যসহ আয়োজকবৃন্দ ধর্মপ্রাণ সনাতন ধর্মাবলম্বী ভক্তবৃন্দকে যথাসময়ে উপস্থিত থেকে অনুষ্ঠানকে সাফল্যমণ্ডিত করার আহ্বান জানিয়েছেন। অনুষ্ঠান আয়োজনে আরও সক্রিয়ভাবে যুক্ত রয়েছেন শ্রী বাবুল কান্তি নাথ, সুভাষ ধর, সুনিল বরণ দাশ, অজিত কুমার দেবনাথ, ডা. বিজন কান্তি নাথ, পরিষদের সাধারণ সম্পাদক বাবুল কান্তি নাথ, রাজীব ধর তমাল, বাবলু দেবনাথ, লিটন দাশ, সমর কান্তি দাশ, সীতানাথ ভৌমিক, উদয়ন কান্তি নাথ, উজ্জ্বল মজুমদার, মিলন কান্তি দাশ, সুকান্ত ধর, রণজিৎ নাথ, সমিরণ দাশ, রিপন চৌধুরী প্রমুখ। ধর্মীয় ভাবগাম্ভীর্য ও উৎসবমুখর পরিবেশে বারুণী স্নান উৎসব যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে সকল প্রস্তুতি গ্রহণ করা হয়েছে বলে আয়োজকরা জানিয়েছেন।


কাট্টলী সার্বজনীন মহাতীর্থ বারুণী স্নান উৎসব উপলক্ষে মেয়রের সাথে সাক্ষাৎ ও দাওয়াত প্রদান

কাট্টলী সার্বজনীন মহাতীর্থ বারুণী স্নান উৎসব-২০২৬ উদ্‌যাপন উপলক্ষে গঙ্গা আহ্বান, গঙ্গা পূজা, বৈষ্ণব সেবা, ঋষি সমাবেশ, শ্রীমদ্ভগবদ্গীতা পাঠ ও মহাপ্রসাদ আস্বাদন কর্মসূচি ঘোষণা করা হয়েছে। এ উপলক্ষে বুধবার আয়োজকরা চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র

ডা. শাহাদাত হোসেনের সাথে সৌজন্য সাক্ষাৎ করে আনুষ্ঠানিক দাওয়াত প্রদান করেন। আয়োজক কমিটির পক্ষ থেকে জানানো হয়, আগামী ১৬ ও ১৭ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ, সোমবার ও মঙ্গলবার দুই দিনব্যাপী এই ধর্মীয় উৎসব অনুষ্ঠিত হবে। উৎসবের সকল আয়োজন সম্পন্ন হবে কাট্টলী সার্বজনীন মহাতীর্থ বারুণী স্নানঘাট প্রাঙ্গণে, যা রাণী রাসমণি বারুণী স্নানঘাট নামে পরিচিত।
অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন এবং মহান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চট্টগ্রাম-১০ সংসদীয় আসনের মাননীয় সংসদ সদস্য সাঈদ আল নোমান।উৎসবের সার্বিক তত্ত্বাবধানে রয়েছে কাট্টলী সার্বজনীন মহাতীর্থ বারুণী স্নান পরিচালনা পরিষদ-২০২৬ খ্রিঃ। পরিষদের সভাপতি শ্রী সদানন্দ ভট্টাচার্যসহ আয়োজকবৃন্দ ধর্মপ্রাণ সনাতন ধর্মাবলম্বী ভক্তবৃন্দকে যথাসময়ে উপস্থিত থেকে অনুষ্ঠানকে সাফল্যমণ্ডিত করার আহ্বান জানিয়েছেন।অনুষ্ঠান আয়োজনে আরও সক্রিয়ভাবে যুক্ত রয়েছেন শ্রী বাবুল কান্তি নাথ, সুভাষ ধর, সুনিল বরণ দাশ, অজিত কুমার দেবনাথ, ডা. বিজন কান্তি নাথ, পরিষদের সাধারণ সম্পাদক বাবুল কান্তি নাথ, রাজীব ধর তমাল, বাবলু দেবনাথ, লিটন দাশ, সমর কান্তি দাশ, সীতানাথ ভৌমিক, উদয়ন কান্তি নাথ, উজ্জ্বল মজুমদার, মিলন কান্তি দাশ, সুকান্ত ধর, রণজিৎ নাথ, সমিরণ দাশ, রিপন চৌধুরী প্রমুখ। ধর্মীয় ভাবগাম্ভীর্য ও উৎসবমুখর পরিবেশে বারুণী স্নান উৎসব যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে সকল প্রস্তুতি গ্রহণ করা হয়েছে বলে আয়োজকরা জানিয়েছেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)
জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮